চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

নিরাপদ,পরিস্কার পরিচ্ছন্ন এবং পরিবেশ বান্ধব নগর গড়তে

বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা নিয়ে কাজ করছে চসিক

চট্টগ্রাম- ২৫ অক্টোবর-২০১৮ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেযর আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন,নিরাপদ,পরিস্কার পরিচ্ছন্ন এবং পরিবেশ বান্ধব নগর গড়তে বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা নিয়ে কাজ করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন ইতোমধ্যে নগরবাসীর মধ্যে ২০ লক্ষ লিফলেট, ছোট বড় সাড়ে ৯ লক্ষ বিন বিতরণ সহ মাইকিং,বিজ্ঞাপণ প্রচার করেছে। শুধু তাই নয় নগর পরিস্কার পরিচ্ছন্নতার স্বার্থে চসিক ১ হাজার ৮ শত জন অতিরিক্ত শ্রমিক নিয়োগ দিয়েছে। যারা গৃহ থেকে গৃহস্থলী ময়লা আবর্জনা সংগ্রহ করবে। এদের জন্য চসিক বছরে ২৪ কোটি টাকা ব্যয় করছে। নগরবাসী যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা থেকে বিরত থাকবে। কিন্তু তাতেও চট্টগ্রাম সিটি কর্পোরেশন রক্ষা পাচ্ছে না। এর জন্য তিনি নগরবাসীকে আরো দায়িত্বশীল হওয়ার তাগিদ দেন। চ্যানেল আই এর ২০ তম জন্মদিন উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে আজ বুধবার সকালে নাসিরাবাদস্থ সাইডার ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ এবং চ্যানেল আই এর যৌথ উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে পরিচ্ছন্নতা ও নিরাপদ সড়ক বিষয়ে সচেতনতা মূলক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। চ্যানেল আই চট্টগ্রাম ব্যুরো প্রধান চৌধুরী ফরিদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় অতিরিক্ত পুলিশ কমিশনার আমেনা বেগম, নিরাপদ সড়ক চাই চট্টগ্রাম এর সভাপতি এস এম আবু তৈয়ব, সাইডার ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের চেয়ারম্যান নাদের খান বিশেষ অতিথির বক্তব্য রাখেন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিআরটি এর সহকারী পরিচালক সফিকুল ইসলাম ও সাইডার ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের প্রিন্সিপ্যাল গণেষচন্দ্র ত্রিপাটি। প্রধান অতিথির বক্তব্যে মেয়র আরো বলেন বন্দর নগরী বাণিজ্যিক রাজধানী। এখানে প্রত্যন্তাঞ্চল থেকে জীবিকার সন্ধানে লোকজন আসে। ফলে চট্টগ্রাম নগরে জনসংখ্যার চাপ বৃদ্ধি পাচ্ছে। উৎপাদিত হচ্ছে বর্জ্য। বায়ু দুষন,পানি দুষনের মতো সমস্যা সৃষ্টি করছে রোগব্যাধি। পরিকল্পিতভাবে বর্জ্য সংগ্রহ করতে না পারা,সঠিক ব্যবস্থাপনা না থাকা এবং যুযোপযোগি ব্যবস্থা করতে না পারার কারনে গৃহস্থালী বর্জ্য দূষন হয়ে পরিবেশের সমস্যা সৃষ্টি করছে। এ প্রসঙ্গে মেয়র বলেন এই দুষনরোধে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে চসিক এর সাথে বিউবোর এমওইউ'র কথা উল্লেখ করেন। বিভিন্ন প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্ন করতে প্রায় ৩ বছর সময় লাগবে। তিনি বলেন আজকের প্রজন্ম আগামীদিনের কর্ণধার । শিক্ষায় দীক্ষায় বর্তমান প্রজন্মকে বিশ্বমানের নাগরিক হতে হবে। যদি বিশ্বমানের শিল্প-সাহিত্য ও বিজ্ঞানের অগ্রগতি না হয় এবং ভালো অর্থনীতিবিদ না থাকে তাহলে দেশের অগ্রগতি রুদ্ধ হয়ে যায়। দেশের অর্থনীতি,শিল্প-সাহিত্য,মানবিক প্রবৃত্তি সবকিছুই পিছিয়ে পড়ে। তাই আমাদের সন্তানদেরকে দেশ মাটি ও মানুষকে ভালবাসতে শিখতে হবে। এতে আমরা গর্বিত জাতি হিসেবে গড়ে উঠবো। নিরাপদ সড়কের কথা উল্লেখ করে মেয়র বলেন আমরা নিরাপদ বাসযোগ্য নগর গড়তে চাই। এ লক্ষ্যে চসিক নগরে শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে জেব্রা ক্রসিং দিয়ে নগরবাসীর চলাচলের দিক নির্দেশনা দিয়েছে। এ প্রসঙ্গে মেয়র বলেন নিরাপদ সড়কের দাবীতে ২৯ জুলাই দেশব্যাপী প্রচন্ড বিক্ষোভে রাজপথে নেমে এসেছিল স্কুল কলেজের শিক্ষার্থীরা। কুর্মীটোলায় শহীদ রশিদ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজের দুই কলেজ ছাত্র বাসের চাপায় পিষ্ট হওয়ার ঘটনাকে কেন্দ্র করে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিভিন্ন রাস্তার নিয়ন্ত্রণ নিয়ে ট্রাফিকের দায়িত্ব পালন করে। নজির বিহীন এ আন্দোলনে শিক্ষার্থীরা রাজপথে নেমে চালকের লাইসেন্স,কাগজপত্র পরীক্ষা শুরু করে। এতে দেখা যায় সকলেই আইন অমান্য করে রাস্তায় চলাচল করে থাকে।তিনি বলেন শিক্ষার্থীরা আমাদের গৌরব। তারা আমাদেরকে আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার তাগিদ দিয়ে গেলেন। তাই দুর্ঘটনারোধে জনগনের সচেতনতার প্রয়োজন রয়েছে। রাস্তা পার হওয়া বা ফুটপাত দিয়ে চলাচলের ক্ষেত্রেই বেশি সড়ক দূর্ঘটনা ঘটে থাকে। এজন্য জনগণকে সচেতন

করার প্রয়োজন রয়েছে। পথচারীরা যদি সতর্কতার সঙ্গে রাস্তা পারাপার হয় তাহলে প্রাণহানির সংখ্যা কমে আসবে বলে তিনি উল্লেখ করেন।

ফেরার পথে শেরশাহ কলোনীস্থ পলিটেকনিক্যাল কলেজ সংলগ্ন শহীদ মেহেদী হাসান বাদল এর স্থায়ী কার্যালয়ের নির্মাণ কাজ উদ্বোধন করেন সিটি মেয়র।

লায়ন্সক্লাব চিটাগং ইস্প্রেস কতৃক
গার্মেন্টসকর্মীদের জন্য ফ্রী স্বাস্থ্য সেবা প্রদান

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৮খ্রি.

লায়ন্সক্লাব অব চিটাগাং ইস্প্রেস নগরীর একটি গার্মেন্টস এ ওয়ার্কারদের জন্য ডায়াবেটিক স্ক্রীনিং ও এওয়ারনেস, আই ক্যাম্প ও ব্লাডগ্রুপিং এর আয়োজন করে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এই অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় জেলা গভর্নর লায়ন নাছির উদ্দিন চৌধুরী এমজেএফ,্য ইস্প্রেসের আইপিপি ও জোনাল চেয়ারপার্সন লায়ন মোহাম্মদ মনিরুল কবির এবং ইস্প্রেসের সভাপতি মোহাম্মদ মুছা, সাধারন সম্পাদক লায়ন সিরাজুল মোস্তফা, লায়ন মোহাম্মদ দিদার মোহাম্মদ সালাউদ্দিন, লায়ন সুভাস চন্দ্র দাশ সহ অনেক লায়ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন সচেতনতার অভাবে কিছু জিনিস পরীক্ষা নিরীক্ষা না করার ফলে আমরা বড় ধরনের স্বাস্থ্য ঝুঁকিতে পড়ে যায়। সমাজের তুলনামূলক কম সুবিধাভুগী মানুষদের জন্য লায়ন্স ক্লাব চিটাগং ইস্প্রেস এর আজকের এই স্বাস্থ্য সেবার উদ্যোগ প্রশংসার দাবী রাখে। তিনি আশা প্রকাশ করেন মানব সেবায় লায়ন্সক্লাবের এধরনের উদ্যোগ আগামীতে অব্যাহত থাকবে।

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৮খ্রি.

চট্টগ্রাম কলেজের সাবেক অধ্যক্ষ মুক্তিযোদ্ধা
শেখর দস্তিদারের মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম কলেজের সাবেক অধ্যক্ষ মুক্তিযোদ্ধা, খ্যাতিমান শিক্ষাবিদ শেখর দস্তিদারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি আজ এক বিবৃতিতে এ প্রয়াত অধ্যক্ষ শেখর দস্তিদারের আত্মার শান্তি ও সদগতি কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন